# ১৫ কার্যদিবসের মধ্যে নিরীক্ষা আপত্তির জবাব না দিলে এমপিও স্থগিত

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ১৬ মার্চ ২০২৬, ১৮:৫৮




ফাইল ছবি: সংগৃহীত

**পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনের ব্রড শিট জবাব (নিরীক্ষা আপত্তি) নির্ধারিত সময়ের মধ্যে পাঠাতে ব্যর্থ হলে প্রতিষ্ঠান প্রধানের এমপিও স্থগিত বা বাতিলও করা হতে পারে বলে সতর্কবার্তা দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা থেকে জারি করা এক অফিস আদেশ থেকে এ তথ্য জানানো হয়।**

দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

এতে বলা হয়, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান পরিদর্শনের পর ব্রড শিট জবাব পাঠানোর নির্দেশনা দিলেও দীর্ঘ সময় পার হলেও অনেক ক্ষেত্রে জবাব পাওয়া যায় না। এ সময়ের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীদের কেউ অবসরে যান কিংবা মৃত্যুবরণ করেন। ফলে প্রতিবেদনে উল্লেখিত গুরুতর আপত্তিগুলো নিষ্পত্তি করা কঠিন হয়ে পড়ে।

অফিস আদেশে বলা হয়, সময়মতো ব্রড শিট জবাব না ং
জবাবদিহি নিশ্চিত করা সম্ভব হচ্ছে না। প্রতিষ্ঠান প্রধান ন
অবহেলা হিসেবে গণ্য হবে। এ অবস্থায় যেসব প্রতিষ্ঠা ৫
কার্যদিবসের মধ্যে সরাসরি পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তে

এছাড়াও নির্ধারিত সময়ের মধ্যে জবাব দিতে করতে ব্যর্থ হলে এমপিও নীতিমালা-২০২৫ এর ১৮.১ (খ) ধারা অনুযায়ী সরকার বা সরকার নির্ধারিত কর্তৃপক্ষের নির্দেশনা প্রতিপালন না করার দায়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের এমপিও স্থগিত বা বাতিল করা হবে বলেও জানানো হয় আদেশে।